



ভারতকে দাদাগিড়ি বন্ধ করে বন্ধুসুলভ সম্পর্ক গড়ে তোলার আহ্বান মির্জা ফখরুলের



সংগৃহীত ছবি

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর শনিবার (১৫ নভেম্বর) ভারতের প্রতি আহ্বান জানান, বাংলাদেশকে হুমকির মতো দাদাগিড়ি বন্ধ করে বন্ধুসুলভ ও সহযোগিতামূলক আচরণ গ্রহণের মাধ্যমে দুই দেশের সম্পর্ক মজবুত করতে হবে। দেশের সার্বভৌম স্বার্থ রক্ষায় একটি নির্বাচিত সরকার প্রয়োজন বলেও তিনি মন্তব্য করেন।

মির্জা ফখরুল মহানন্দা নদীর রাবার ড্যাম প্রকল্প এলাকা পরিদর্শনের পর সাংবাদিকদের বলেন, “পানির ন্যায্য হিস্যা নিয়ে বারবার ভারতের সঙ্গে আলোচনার চেষ্টা করা হলেও তারা কোনো গুরুত্ব দিচ্ছে না। যদি বিএনপি ক্ষমতায় আসে, আমরা দেশের স্বার্থ রক্ষার জন্য সর্বোচ্চ চেষ্টা করব।” তিনি আরও বলেন, নির্বাচিত সরকার থাকলে জনগণের সমর্থন নিয়ে দেশের দাবিসমূহ আদায় করা অনেক সহজ হয়।

এছাড়া বিএনপি মহাসচিব ভারতের প্রতি পুনরায় আহ্বান জানান, বাংলাদেশের সঙ্গে সহযোগিতাপূর্ণ সম্পর্ক বজায় রাখতে হবে। তিনি উল্লেখ করেন, পদ্মার পানি আটকে দেওয়ায় মানুষের জীবিকা ক্ষতিগ্রস্ত হয়েছে। মূল সমস্যা হলো পদ্মার পানি বন্টন, যা নির্বাচিত সরকারের অভাবেই সমাধান কঠিন হয়ে যাচ্ছে। বিএনপি ক্ষমতায় এলে পদ্মা ও তিস্তার পানি বন্টন এবং ফারাক্কা ইস্যুতে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করা হবে।

প্রসঙ্গত, এদিন দুপুর ২টায় নবাবগঞ্জ সরকারি কলেজ মাঠে বিএনপির ‘পদ্মা বাঁচাও’ গণসমাবেশ অনুষ্ঠিত হবে। এতে অংশ নেবেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।